

Jawhar Sircar: "আমি সব দলের দুর্নীতি নিয়েই কথা বলেছি", মালব্যর বিরুদ্ধে তথ্য বিকৃতির অভিযোগ জহরের

সম্প্রতি দুর্নীতি নিয়ে সরব হয়েছেন তৃণমূল সাংসদ প্রসার জহর সরকার। পার্থ চট্টোপাধ্যায়ের ঘনিষ্ঠের বাড়ি থেকে টাকা উদ্ধার নিয়েও সমালোচনা শোনা গিয়েছে তাঁর মুখে। স্বভাবতই এই ঘটনা ঘিরে তুমুল বিতর্কের সৃষ্টি হয়েছে। (Jawhar Sircar over corruption)।

কলকাতা, 31 অগস্ট: দুর্নীতির বিরুদ্ধে মুখ খুলেছিলেন রাজ্যসভার তৃণমূল সাংসদ জহর সরকার। সম্প্রতি রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের ঘনিষ্ঠ অপীর্তা মুখোপাধ্যায়ের বাড়ি থেকে কোটি কোটি টাকা উদ্ধার করে ইডি। এই খবরে শোরগোল পড়ে গিয়েছে রাজ্য তথা দেশের রাজনৈতিক মহলে। তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস, 29 অগস্ট প্রাক্তন আমলা জহর সরকার বলেন, "একপাশ পচা শরীর নিয়ে 24-এ লড়াই করা যাবে না।" স্বভাবতই এ নিয়ে দ্বিমত তৈরি হয়েছে। তাঁর প্রবল সমালোচনা করেছেন তৃণমূল সাংসদ সৌগত রায়। একদিকে যেমন দলের মধ্যেই তাঁকে আক্রমণ করা হচ্ছে অন্যদিকে বিরোধীরাও তাঁর এই বক্তব্যকে তৃণমূলের বিরুদ্ধে হাতিয়ার করেছে (Jawhar Sircar defends saying he spoke against corruption in all parties)। এবার নিজের বক্তব্য প্রসঙ্গে কিছুটা সাফাই দেওয়ার চেষ্টা করলেন সাংসদ। নয়া টুইটে তাঁর দাবি, তিনি শুধু তৃণমূল নয় সমস্ত রাজনৈতিক দলের দুর্নীতি নিয়েই সরব হয়েছেন।

- [@amitmalviya](#) is twisting facts. I spoke against a corruption in all parties, incl TMC and BJP. In [@AITCofficial](#) (TMC), I could air my views — would anyone in BJP speak of rotten nexus between the Big Duo of BJP & of Big Business? Retail vs Corporate Corruption ? pic.twitter.com/kfT7D9pPjv

— Jawhar Sircar (@jawharsircar) [August 30, 2022](#)

মোদি বিরোধী বলেই বিশেষ পরিচিত প্রসার ভারতীর প্রাক্তন সিইও জহর সরকার।

একটি সাক্ষাৎকারে তিনি বলেন, "আমরা যখন টিভিতে দেখলাম, তখন বিশ্বাসই করে উঠতে পারিনি। কারও বাড়ি থেকে এত রকমের টাকা, রসদ বেরতে পারে, আমাদের কাছে কল্পনার অতীত।" এখানে তিনি উল্লেখ করেন, "সে যেখানে যে দলেরই হোক, এরকম দুর্নীতির দৃশ্য টিভিতে কম দেখা যায়।" এই সাক্ষাৎকারে তিনি জানান, এই ঘটনার নৈতিক দিকটি দেখে তাঁর খারাপ লেগেছে। জহরবাবু এও বলেন, "এ নিয়ে লোকে মন্তব্য করবেই। আমার বাড়ির লোকেরা সঙ্গে সঙ্গে বলল, তুমি সাংসদ পদ ছেড়ে দাও। রাজনীতি এখনি ছেড়ে দাও।"

আরও পড়ুন: [ওর মতো স্বার্থপর লোক দেখিনি, দলীয় সাংসদ জহরকে তীব্র আক্রমণ সৌগতর](#)

এই সাক্ষাৎকার নিয়ে টুইটারে তৃণমূলকে আক্রমণ করেন বিজেপির আইটি সেলের প্রধান অমিত মালব্য (Amit Malviya)। তিনি লেখেন, "একবার ভাবুন, পশ্চিমবঙ্গে মমতা বন্দ্যোপাধ্যায়ের জন্য এটা কতটা নিন্দাজনক।" তিনি জহর সরকারকে 'লোলাইফ' বলে উল্লেখ করেন। অর্থাৎ সাংসদ খবরের শিরোনামে খুব একটা থাকেন না। মালব্য লেখেন, "জহর সরকারের মতো রাজনৈতিক বিতর্কে না থাকা ব্যক্তিও পার্থ চট্টোপাধ্যায়ের ঘনিষ্ঠের বাড়ি থেকে উদ্ধার হওয়া টাকার নোংরা দৃশ্য দেখে বিরক্ত বোধ করছেন। তাঁর পরিবার চায় তিনি চোরের দল তৃণমূল কংগ্রেস ছেড়ে দিন।"

স্বভাবতই এতে বিতর্ক তৈরি হয়েছে তৃণমূল সাংসদ জহর সরকারকে নিয়ে। তিনি এর পাণ্টা জবাব দিয়েছেন টুইটারে। মোদি বিরোধী প্রাক্তন আমলা মালব্যর টুইটটি পোস্ট করে লিখেছেন, "অমিত মালব্য তথ্য বিকৃত করছেন। আমি সব দলের দুর্নীতির বিরুদ্ধে কথা বলেছিল। তার মধ্যে তৃণমূল কংগ্রেস এবং বিজেপিও আছে।" তিনি উল্লেখ করেন, "আমি আমার চিন্তাভাবনা সংবাদমাধ্যমে বলতেই পারি। কিন্তু বিজেপির কেউ কি তাঁর দল এবং বড় বড় ব্যবসায়ীদের মধ্যে থাকা গোপন আঁতাত নিয়ে কিছু বলতে পারবেন? রিটেল বনাম কর্পোরেট দুর্নীতি নিয়ে কেউ কোনও কথা বলবেন?"

আরও পড়ুন: [একদিক পচে গিয়েছে, নিজের দল প্রসঙ্গেই বিস্ফোরক তৃণমূল সাংসদ জহর সরকার](#)